



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।  
(আইসিটি শাখা)  
[www.bhola.gov.bd](http://www.bhola.gov.bd)



“আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস / ২০২২” উদযাপন উপলক্ষ্যে জেলা কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি	:	জনাব মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী জেলা প্রশাসক, ভোলা।
স্থান	:	জেলা প্রশাসক, ভোলা এর সম্মেলন কক্ষ।
তারিখ	:	২২/০৯/২০২২ খ্রি.
সময়	:	১০.০০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা	:	সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, সরকার তথ্য কমিশন গঠন করে সরকারি কাজের স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এছাড়া তৃণমূল পর্যায়ে জনগোষ্ঠী যাতে সহজে তথ্য গ্রহণ করতে পারে সেলক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। এর ফলে কোন ব্যক্তি সরকারি প্রতিষ্ঠানের তথ্য, জানতে চাইলে প্রতিষ্ঠানগুলো বিধিমাতে তথ্য দিতে বাধ্য থাকবে। তথ্য অধিকার আইনের গুরুত্ব ব্যাপকভাবে প্রচারের জন্য প্রতিবারের ন্যায় এবছর ও ২৮/ সেপ্টেম্বর, ২০২২ “আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস” পালনের জন্য তথ্য কমিশন থেকে নির্দেশ প্রদান করা হয়েছে। এবারের দিবসটি উদযাপনে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক প্রচার, র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হবে। দিবসটির এবারের প্রতিপাদ্য: “তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক”। দিবসটির এবারের স্লোগান: “সংকটকালে তথ্য পেলে জনগণের মুক্তি মেলে”। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	সাধারণ জনগনকে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস সম্পর্কে সচেতন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	“আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২” উদযাপন কমিটি।
০২	দিবসটি যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে সকল সরকারি কর্মকর্তা, ব্যাংক প্রতিনিধি, জনপ্রতিনিধি ও এনজিওদের অংশগ্রহণের অনুরোধ জানাতে হবে।	“আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২” উদযাপন কমিটি ও সংশ্লিষ্ট সকল।
০৩	দিবসটি উদযাপন লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।	জেলা তথ্য অফিসার, ভোলা।
০৪	“আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২” উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহ ভিডিও/স্মিট্রিএ ফরমেটে ধারণ করে তথ্য কমিশনে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা তথ্য অফিসার, ভোলা।


আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়।

“আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২” উদযাপন কমিটি

এছাড়া দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য নিম্নোক্ত উপ-কমিটিকে সার্বিক দায়িত্ব দেওয়া হয়।

১.	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	আহ্বায়ক
২.	অতিরিক্ত পুলিশ সুপার, ভোলা।	সদস্য
৩.	জেলা শিক্ষা অফিসার, ভোলা।	সদস্য.
৪.	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা।	সদস্য
৫.	জেলা তথ্য অফিসার, ভোলা।	সদস্য
৬.	সচিব, ভোলা পৌরসভা।	সদস্য
৭.	সভাপতি, প্রেস ক্লাব, ভোলা।	সদস্য
৮.	জনাব আফজাল হোসেন, জেলা প্রতিনিধি, এনটিভি	সদস্য
৯.	জেলা প্রতিনিধি, ব্রাক, ভোলা।	সদস্য
১০.	টিম লিডার, কোস্ট ট্রাস্ট, ভোলা।	সদস্য
১১.	সহকারী কমিশনার, আইসিটি শাখা	সদস্যসচিব

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ তোফিকুর হোসেন চৌধুরী)  
জেলা প্রশাসক  
ভোলা।